দৈনিক বাংলা

তারিখ 21 AUG 1991
পৃষ্ঠা ... কলাম ...

11

# এইচ এস সি ঃ ঢাকা বোর্ডে ৮৯ হাজার পরীক্ষার্থী

আগামীকাল ২২শে আগস্ট থেকে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৯১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা শুরু হচ্ছে। ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে দুটি বিদেশী কেন্দ্রসহ ১৫৮টি কেন্দ্রে ২,১৭৭ জন প্রাইভেট পরীক্ষার্থীসহ প্রায় ৮৯,৪২২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(৫-এর পৃঃ দ্রঃ)

## এইচ এস সি

(প্রথম পৃষ্ঠার পর)

কলা, বিজ্ঞান, বাণিজ্য, কৃষি-বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, সঙ্গীত ও ইসলামী শিক্ষা বিভাগ থেকে অংশগ্রহণরত পরীক্ষার্থীদের মধ্যে মোট ৬৩,৪৪১ জন ছাত্র এবং ২৫,৯৮২ জনছাত্রী।

আসন্ন এইচএসসি পরীক্ষা যাতে সুষ্ঠুবাবে সম্পন্ন হয়, সে জন্য ছাত্র, শিক্ষক, অভিভাবক, বুদ্ধিজীবী, প্রশাসনিক কর্মকর্তা, আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষ এবং জনপ্রতিনিধিসহ সর্বস্তরের জনগণের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়েছে।